

✓

**জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে
ইঞ্জিসিবি লিঃ এর কর্মপরিকল্পনা।**

- ১। ২০২০ সনের ১৭ই মার্চ থেকে ২০২১ সনের ১৭ই মার্চ পর্যন্ত সময়কে সরকার কর্তৃক ঘোষিত মুজিব বর্ষকে বিদ্যুৎ বিভাগ কর্তৃক ঘোষণাকৃত “সেবা বর্ষ” হিসাবে যথাযথভাবে প্রতিপালন করা।
- ২। ২০২০ সনের ১৭ই মার্চ থেকে ২০২১ সনের ১৭ই মার্চ পর্যন্ত সেবা বর্ষে সেবা প্রদানের লক্ষ্যে ইঞ্জিসিবি এর সকল কর্মকর্তা/কর্মচারী সেবা প্রদানের লক্ষ্যে প্রতিদিন নির্ধারিত সময়ের অতিরিক্ত ১ ঘণ্টা বেশী কাজ করা।
- ৩। কার্যক্ষেত্রে সফলতার জন্য **বঙ্গবন্ধু Service Excellence Award** প্রদান করা।
- ৪। ইঞ্জিসিবি বিদ্যুৎ কেন্দ্রসমূহের মধ্যে পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়ে প্রতিযোগিতার আয়োজন ও পুরস্কার প্রদান।
- ৫। বিদ্যুৎ বিভাগের সাথে সমন্বয়ের মাধ্যমে বঙ্গবন্ধুর জীবনী ও কাজের উপর ভিডিও ডকুমেন্টারী প্রস্তুত করা।
- ৬। বৈদ্যুতিক সরঞ্জামাদির **Standard Specification** করার উদ্যোগ গ্রহণ করা।
- ৭। সেবা সম্পর্কিত বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রদত্ত লিফলেট বিতরণ করা।
- ৮। ইঞ্জিসিবি এর অফিসিয়াল ওয়েব সাইট/ফেইজ বুক পেইজে বিদ্যুৎ বিভাগের প্রস্তুতকৃত শোকাবহ ব্যানারটি মুভমেন্ট পোর্টাল হিসেবে স্থাপন। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর জন্য আলাদা পোর্টাল তৈরী এবং এ সম্পর্কিত সকল কার্যক্রমের তথ্য উক্ত পোর্টালে হালনাগাদ করা।
- ৯। ইঞ্জিসিবি এর মাসিক সমন্বয় সভায় বঙ্গবন্ধুর জীবনী ও কাজের উপর আলোচনা করা।
- ১০। ইঞ্জিসিবি'র বিদ্যুৎ কেন্দ্রসমূহের প্রধান ফটকে বঙ্গবন্ধুর সেবা সম্পর্কিত বক্তব্য ও উক্তিসমূহ প্রচারের জন্য ইলেক্ট্রনিক্স বোর্ড স্থাপন করা।
- ১১। ইঞ্জিসিবি'র কর্মকর্তা/কর্মচারীগণের গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় অবস্থিত জাতির জনকের সমাধি স্থল পরিদর্শন করা।
- ১২। দপ্তর ভিত্তিক কর্মকর্তা/কর্মচারীদের মাসিক কার্যক্রমের ভিত্তিতে মূল্যায়ন ও পুরস্কার প্রদান করা।
- ১৩। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে ১৭ই মার্চ-২০২০ তারিখে ইঞ্জিসিবি পরিবারের সদস্যদের শিশুদের মধ্যে চিত্রাংকন/কবিতা আবৃত্তি ও সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন ও পুরস্কার বিতরণ করা।
- ১৪। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে ১৫ই আগস্ট-২০২০ তারিখে স্বেচ্ছায় রাতন্দান কর্মসূচীর আয়োজন করা।
- ১৫। ২০২০ সনের ১৭ই মার্চ থেকে ২০২১ সনের ১৭ই মার্চ পর্যন্ত সময় বিত্তন জাতীয় দিবসসমূহ জন্মশতবার্ষিকীর সাথে সমন্বয় করে উদযাপন করা।
- ১৬। বিদ্যুতের অপচয় ও বিদ্যুতের দুর্ঘটনারোধকল্পে স্কুল/কলেজ পর্যায়ে শিক্ষক ও শিক্ষার্থীদের নিয়ে সচেতনামূলক কার্যক্রম গ্রহণ করা।
- ১৭। মুজিব বর্ষ উপলক্ষে জরুরী বিদ্যুৎ কাজে ব্যবহৃত ইঞ্জিসিবি'র সকল যানবাহনে সেবা বর্ষের পৃথক লোগো ব্যবহার ও সজ্জিতকরণ।
- ১৮। মুজিব বর্ষ উপলক্ষে ইনোভেশন প্রতিযোগিতার আয়োজন করা।
- ১৯। ইঞ্জিসিবি'র সকল দপ্তরে বঙ্গবন্ধুর **Portrait** স্থাপন করা।
- ২০। দক্ষ জনশক্তি সৃষ্টির জন্য মুজিব বর্ষ উপলক্ষে বিদ্যুৎ বিভাগ কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ কর্মসূচী পালন করা।
- ২১। বঙ্গবন্ধুর দর্শন, জাতীয় উন্নয়নে বিদ্যুৎ খাতের অবদান, বিদ্যুৎ খাতের অর্জন বিষয়ে বিদ্যুৎ বিভাগ কর্তৃক আয়োজিত জাতীয় বিদ্যুৎ সপ্তাহে অংশগ্রহণ এবং বঙ্গবন্ধুর অবদানের বিষয়ে আলোকপাত করা।